

# বজ্রবক বাত্রা

সমৃদ্ধির সহযাত্রী

বৃহস্পতিবার

ঢাকা ■ জানুয়ারি ৩১, ২০১৯ | মাঘ ১৮, ১৪২৫

## জাপানে চাকরি পেলেন ইউআইইউর নয় শিক্ষার্থী

জাপানের কোম্পানি হিউম্যান রিসোর্সিয়া কোম্পানিতে চাকরির সুযোগ পেয়েছেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের নয় শিক্ষার্থী। ক্যাম্পাসে সরাসরি পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে এসব শিক্ষার্থীকে নিয়োগ দেয়া হয়। জাপানের ভেনচুরাস লিমিটেড সরাসরি নিয়োগ পরীক্ষার আয়োজন করে। নিয়োগ প্রক্রিয়ার অংশ হিসেবে সম্প্রতি 'ডিরেক্ট রিক্রুটিং' শীর্ষক এক সেমিনারের আয়োজন করে ইউআইইউ সিএসই বিভাগ। ভেনচুরাস লিমিটেডের প্রতিষ্ঠাতা ও সিইও উরিকো উতা এবং ইউআইইউর উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান এতে উপস্থিত ছিলেন।

